নুশিন ইলেকট্রনিক্স



প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

রোববার
রেজিঃ নং-চ-৫১৩
২২ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১১০
৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

ঐক্যবদ্ধ থাকলে বাংলাদেশকে কেউ তাঁবেদার রাষ্ট্রে পরিণত করতে পারবে না : প্রধানমন্ত্রী

দিগন্ত ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সবাই এক থাকলে বাংলাদেশকে তাঁবেদার রাষ্ট্র করার কেউ সুযোগ পাবে না। শনিবার (২১ নভেম্বর) বিকেলে ঢাকা সেনানিবাসের সেনাকুঞ্জে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে চব্বিশের গণ অভ্যুত্থান পর্যন্ত দেশের প্রতিটি গুরুত্বপূর্ণ সময়ে সশস্ত্র বাহিনী দেশ ও জনগণের পক্ষে ভূমিকা রেখেছে। স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় এ

● ২-এর পাতায় দেখুন

টানা বৃষ্টির প্রভাবে চাঁদপুরে ফসলের ব্যাপক ক্ষতি



চাঁদপুরে ক্ষতিগ্রস্থ ফসলের মাঠ।

স্টাফ রিপোর্টার

ঘূর্ণিঝড় আকভানের প্রভাবে টানা তিন দিনের বৃষ্টি ও বৈরী আবহাওয়ায় চাঁদপুরে কৃষি ও ইটভাটায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। শনিবার (২১ নভেম্বর) পর্যন্ত জেলায় ৬০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। টানা এই বর্ষণ, দমকা বাতাস ও প্রতিকূল আবহাওয়ায় জেলার বিভিন্ন স্থানে কৃষিজমি ও ইটভাটার ক্ষয়ক্ষতির পাশাপাশি স্বাভাবিক জনজীবন ও যাতায়াত ব্যবস্থায় স্থবিরতা নেমে এসেছে।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে, টানা অতিবৃষ্টি ও

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের সন্ত্রাসী কর্মকাণ্ড ও নাশকতা প্রতিরোধে সর্বদলীয় নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

নিষিদ্ধ ঘোষিত আ'লীগের সন্ত্রাসী কর্মকাণ্ড ও নাশকতা প্রতিরোধে
চাঁদপুরে সর্বদলীয় নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় সভা

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের চলমান সন্ত্রাসী কর্মকাণ্ড ও নাশকতা প্রতিরোধ এবং মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বদলীয় নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় সভা করেছে চাঁদপুর জেলা বিএনপি। গতকাল শনিবার (২১ নভেম্বর) রাত সাড়ে ৮টায় চাঁদপুর শহরের জেএম সেনগুপ্ত রোডস্থ মুনিরা ভবনে জেলা বিএনপির উদ্যোগে মতবিনিময় সভা সভাপতিত্ব করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, ফ্যাসিবাদের বিষয়ে আমাদের কারো কোনো আপস নেই। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং মানুষের জানমালের নিরাপত্তা রক্ষায় আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। ফ্যাসিবাদ যেন আর কোনোভাবেই মাথাচাড়া দিয়ে উঠতে না পারে, সেজন্য রাজনৈতিক মতপার্থক্য ভুলে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে আমরা সর্বদা সতর্ক ও ঐক্যবদ্ধ থাকব।

জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিমের পরিচালনায় সভায় বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী, অ্যাড.মাসুদুল ইসলাম বুলবুল, সেক্রেটারি অ্যাড. শাহাজাহান মিয়া, জেলা বিএনপির সহ-সভাপতি দেওয়ান মো. সফিকুজ্জামান, জেলা এনসিপির

● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে চিকিৎসকের অবহেলায় নবজাতক শিশুর মৃত্যুর অভিযোগ

ফরিদগঞ্জ প্রতিনিধি

?ফরিদগঞ্জে সেন্ট্রাল হাসপাতালে দায়িত্বরত চিকিৎসকের অবহেলায় এক নবজাতক শিশুর মৃত্যুর ঘটনার অভিযোগ উঠেছে।

শুক্রবার (২০ নভেম্বর) রাত ৭ ঘটিকার সময় ফরিদগঞ্জ পৌর এলাকার বাসস্ট্যান্ডে অবস্থিত সেন্ট্রাল হাসপাতলে এ ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছে থানা পুলিশ। অভিযুক্ত চিকিৎসক ও হাসপাতালের অনিয়মের বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছে শিশুটির পরিবার ও স্থানীয় বাসিন্দারা।

?সরেজমিনে জানা যায়, উপজেলার পশ্চিম কাউনিয়া গ্রামের সৌদি প্রবাসী মাহবুব আলমের স্ত্রী সুমাইয়া আক্তার প্রসব ব্যাথা নিয়ে দুপুর ২টা ৩০ মিনিটে হাসপাতালে এসে ভর্তি হয়। হাসপাতালের দায়িত্বরত চিকিৎসক ডা. হাসিনা তৈয়বের তত্বাবধানে নবজাতক শিশুর মা সুমাইয়া আক্তারের নরমাল ডেলিভারির জন্য হাসপাতালের ২০১নং ওয়ার্ডে চিকিৎসা দেওয়া হয়। এর আগে ডা. হাসিনা তৈয়বের দেওয়া চিকিৎসাপত্রে শিশু ডেলিভারির সময় শুক্রবার (১৯ নভেম্বর) নির্ধারণ করা হয়। নির্ধারিত সময় পেরিয়ে পূর্ব নির্ধারিত দিন রাত ২ ঘটিকার সময় সুমাইয়া আক্তারের প্রসব ব্যাথা উঠলে তাকে স্থানীয় একটি চিকিৎসা কেন্দ্রে সনাতন পদ্ধতিতে শিশুর ডেলিভারির চেষ্টা ব্যর্থ হলে সিজারের পরামর্শ দিয়ে হাসপাতালে যেতে বলা হয়।

?শুক্রবার (২০ নভেম্বর) শিশুর পরিবার সিজারিয়ান অপারেশনের মাধ্যমে ডেলিভারির জন্য ফরিদগঞ্জের সেন্ট্রাল হাসপাতালে নিয়ে আসে। দায়িত্বরত চিকিৎসক ডা. হাসিনা তৈয়বের তত্বাবধানে নবজাতক শিশুর মা সুমাইয়া আক্তারের শারীরিক পরীক্ষা শেষে এ হাসপাতালেও নরমাল ডেলিভারির চেষ্টা করা হয়।

?নবজাতের দাদা ও দাদী অভিযোগ করে বলেন, একাধিকবার চিকিৎসককে সিজারিয়ান অপারেশন করার জন্য বললেও চিকিৎসক তাতে কর্ণপাত করেননি। নবজাতকের মায়ের চিৎকার ও যন্ত্রণা দেখে আত্মীয়স্বজন চিকিৎসককে ডেকে নিতে পারেননি। সন্ধ্যা ৭টা নাগাদ সুমাইয়া আক্তারের প্রসব ব্যাথা তীব্র হলে পুনরায় চিকিৎসকের কাছে শিশুর পরিবার যান। তখন অন্য কাজের ব্যস্ততা দেখিয়ে তিনি আসেন নি। এরই মধ্যে নরমাল ডেলিভারির মাধ্যমে ভূমিষ্ট হয়ে শিশু মৃত্যু বরণ করে। ?শিশুর বাবা সৌদি প্রবাসী মাহাবুব আলম বলেন, সেন্ট্রাল

● ২-এর পাতায় দেখুন

কচুয়া সরকারি কলেজের নতুন অধ্যক্ষ হলেন ড. মনির হোসেন



কচুয়া প্রতিনিধি

কচুয়া সরকারি কলেজের নতুন অধ্যক্ষ হিসেবে সংযুক্ত করা হয়েছে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা, কচুয়ার সফিবাদ গ্রামের কৃতি সন্তান ও বিশিষ্ট শিক্ষানুরাগী ড. মো. মনির হোসেন সরকারকে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনে তাঁকে এ পদে সংযুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে।

গত ১৫ নভেম্বর ২০২৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি কলেজ-৩ শাখা থেকে জারি করা ওই প্রজ্ঞাপনে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের ছয়জন কর্মকর্তাকে তাদের নামের পাশে উল্লেখিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, ড. মো. মনির হোসেন সরকার (পরিচিতি নম্বর-৮৮৫২) বর্তমানে নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার চৌমুহনী সরকারি এস এ কলেজে উদ্ভিদবিদ্যা বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন। নতুন আদেশে তাকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। একই সঙ্গে তাকে চাঁদপুরের কচুয়া সরকারি কলেজের অধ্যক্ষ হিসেবে সংযুক্ত করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে

● ২-এর পাতায় দেখুন

প্রবাসীদের অর্জিত দক্ষতাকে দেশের কল্যাণে কাজে লাগাতে হবে : বিরোধীদলীয় নেতা

দিগন্ত ডেস্ক

অর্জিত জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতাকে নিজ দেশের কল্যাণে কাজে লাগানোর জন্য প্রবাসীদের প্রতি আহবান জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

তিনি বলেছেন, একজন মুসলমান পৃথিবীর যে প্রান্তেই বসবাস করুন না কেন, সর্বাবস্থায় তার ঈমান ও ইসলামী মূল্যবোধ অটুট রাখতে হবে। একইসঙ্গে যে দেশে বসবাস করবেন, সে দেশের সার্বিক উন্নয়ন ও অগ্রগতিতে ইতিবাচক ভূমিকা পালন করতে হবে।

শনিবার স্থানীয় সময় বিকাল ৪টায় অস্ট্রেলিয়ায় বসবাসরত বাংলাদেশ

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে স্কুলব্যাগে ইয়াবাসহ যুবক আটক

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকায় বিশেষ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ হাজার ৮৩৬ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে সদর মডেল থানা পুলিশ। এ ঘটনায় হাশিম খান (৩৫) নামে এক যুবককে আটক করা হয়েছে। উদ্ধার করা ইয়াবার আনুমানিক বাজারমূল্য প্রায় সাড়ে ৮ লাখ টাকা।

শুক্রবার (২০ নভেম্বর) পৌর শহরের কালীবাড়ি এলাকার ওয়ান মিনিটের মোড়সংলগ্ন সাধনা ঔষধালয়ের সামনে এ অভিযান পরিচালনা করা হয়।

আটক যুবক হাশিম খান মতলব দক্ষিণ উপজেলার উপাদী ইউনিয়নের ডিঙ্গাভাঙ্গা খান বাড়ির বাসিন্দা। সদর মডেল থানা পুলিশ জানায়, ওই এলাকায় মাদক

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর আল-আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে নিউরোলজি ফাউন্ডেশন অব বাংলাদেশের উদ্যোগে সিপিআর প্রশিক্ষণ ও স্বাস্থ্য সচেতনতা কর্মসূচিতে উপস্থিত অতিথিবৃন্দ।

নিউরোলজি ফাউন্ডেশন অব বাংলাদেশের উদ্যোগে
চাঁদপুরে সিপিআর প্রশিক্ষণ ও স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার

মস্তিষ্ক, হৃদরোগ ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং জরুরি মুহূর্তে জীবন রক্ষাকারী প্রাথমিক চিকিৎসায় দক্ষতা অর্জনের লক্ষ্যে চাঁদপুরে সিপিআর প্রশিক্ষণ ও স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকাল ১০টায় চাঁদপুর শহরের আল-আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে নিউরোলজি ফাউন্ডেশন অব বাংলাদেশের উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিতে হাতে-কলমে সিপিআর (কার্ডিওপালমোনারি রিসাসিটেশন) প্রশিক্ষণ, নিউরোলজিক্যাল রোগ সম্পর্কে সচেতনতা, হৃদরোগ প্রতিরোধ ও মানসিক স্বাস্থ্যবিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়। এছাড়া জরুরি স্বাস্থ্য পরিস্থিতিতে তাৎক্ষণিক করণীয় এবং জীবন রক্ষায় প্রাথমিক চিকিৎসার গুরুত্ব সম্পর্কে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ ও একাডেমির গভর্নিং বডির সদস্য মাওলানা মো. বিল্লাল হোসাইন মিয়াজী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আল-আমিন সোসাইটির সেক্রেটারি অ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন নিউরোলজি ফাউন্ডেশন অব বাংলাদেশের চেয়ারম্যান

● ২-এর পাতায় দেখুন

চেয়ারম্যান সলিম উল্যা সেলিম, ভাইস চেয়ারম্যান মুনির চৌধুরী ও সেক্রেটারি বাহার
চাঁদপুর রেড ক্রিসেন্ট ইউনিটের ১১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, চাঁদপুর ইউনিটের ২০২৬-২০২৮ মেয়াদের নতুন কার্যনির্বাহী কমিটি অনুমোদন দেয়া হয়েছে। নবগঠিত এ কমিটিতে পদাধিকারবলে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এ কে এম সেলিম উল্লাহ সেলিম। ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন সাংবাদিক মুহাম্মদ মুনির চৌধুরী এবং সেক্রেটারি নির্বাচিত হয়েছেন ফয়সাল আহমেদ বাহার।



গত ১৫ নভেম্বর বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাসচিব মো. হাবিবুর রহমান খানের স্বাক্ষরিত এক সার্কুলারের মাধ্যমে এ কমিটির অনুমোদন দেয়া হয়। এর আগে ৮ নভেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত চাঁদপুর রেড ক্রিসেন্ট ইউনিটের বিশেষ সাধারণ সভা ও ২০২৬-২০২৮ মেয়াদের নির্বাচন প্রক্রিয়ার ভিত্তিতে নতুন কমিটি গঠনের উদ্যোগ নেয়া হয়।

অনুমোদিত কমিটির অন্যান্য নির্বাচিত সদস্য হলেন- ব্যবসায়ী তমাল কুমার ঘোষ, সাংবাদিক কাজী শাহাদাত, সাংবাদিক সোহেল রুশদী, ডা. মো. জাহাঙ্গীর খান ও সাংবাদিক মো. রিয়াজুর রহমান রানা। এছাড়া মনোনীত সদস্য হিসেবে রয়েছেন পিপি অ্যাডভোকেট কুহিনূর বেগম, ডা. জওহর লাল আচার্য ও আলমগীর আলম জুয়েল।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি অর্ডার, ১৯৭৩ (প্রেসিডেন্টস অর্ডার নং ২৬ অব ১৯৭৩)-এর ৭(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে চাঁদপুর ইউনিটের নির্বাচিত ও মনোনীত সদস্যদের সমন্বয়ে এ কার্যনির্বাহী কমিটি অনুমোদন করা হয়েছে। সার্কুলারে উল্লেখ করা হয়, ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তি উপজেলা আ'লীগ নেতা গ্রেফতার

শাহরাস্তি প্রতিনিধি



ওমর ফারুক রুমী।

রাজধানীর বাংলামোটর এলাকা থেকে কার্যক্রম নিষিদ্ধ শাহরাস্তি উপজেলার আওয়ামী লীগের চেয়ারম্যান প্রার্থী ওমর ফারুক রুমীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। তার বিরুদ্ধে শাহরাস্তি থানায় একাধিক মামলা রয়েছে।

শুক্রবার বিকেলে গ্রেপ্তারের বিষয় তথ্য নিশ্চিত করেন শাহরাস্তি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর মাহবুবুর রহমান।

গ্রেফতার ওমর ফারুক রুমী শাহরাস্তি উপজেলার চিতোষী ইনিয়নের কসবা গ্রামের নুরুল ইসলাম মিয়ার ছেলে। সর্বশেষ উপজেলা পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে উপজেলায় তিনি আলোচনায় আসেন। অভিযোগ রয়েছে তার নির্বাচনে সরাসরি মাঠ পর্যায়ে কাজ করেছেন সাবেক সংসদ সদস্য মেজর (অব.) রফিকুল ইসলাম বীর উত্তম।

পুলিশ জানিয়েছে, গ্রেফতার ওমর ফারুকের বিরুদ্ধে সহিংস কর্মকাণ্ডে অর্থ জোগানের অভিযোগ রয়েছে। সম্প্রতি শাহরাস্তি উপজেলা ছাত্রলীগের কমিটি গঠন করে এলাকায় সহিংস তৎপরতায় তিনি অর্থের জোগান দিয়েছেন বলে দাবি করেছে গোয়েন্দা পুলিশ। পাশাপাশি আওয়ামী লীগের বিভিন্ন সহিংস কর্মকাণ্ডের অন্যতম অর্থদাতা হিসেবেও

● ২-এর পাতায় দেখুন

জেলা আ'লীগের সাংগঠনিক সম্পাদক অ্যাড. মজিবুর রহমান ভূঁইয়াকে গ্রেফতার



শহর প্রতিনিধি

কার্যক্রম নিষিদ্ধ চাঁদপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মজিবুর রহমান ভূঁইয়াকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে শহরের পালপাড়া এলাকার নিজ বাসা থেকে তাঁকে গ্রেফতার করা হয়।

সদর মডেল থানা পুলিশ জানায়, থানা পুলিশ ও গোয়েন্দা পুলিশের যৌথ অভিযানে তাঁকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতার মজিবুর রহমান ভূঁইয়া জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি। এ ছাড়া তিনি চাঁদপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক।

স্থানীয়দের জানায়, ২০২৪ সালের ৫ আগস্টের পর আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের অনেক নেতাকর্মী আত্মগোপনে গেলেও মজিবুর রহমান প্রকাশ্যে ছিলেন এবং নিয়মিত আইন পেশায় যুক্ত ছিলেন। চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ

● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক জহির আহমেদকে বহিস্কার

হাজীগঞ্জ প্রতিনিধি



হাজীগঞ্জ পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক জহির আহমেদ জহিরকে বহিস্কার করা হয়েছে। দলীয় নীতি ও আদর্শ পরিপন্থী কর্মকান্ডে জড়িত থাকার অভিযোগে তাকে প্রাথমিক সদস্য পদ সহ দল থেকে বহিস্কার করে কেন্দ্রিয় যুবদল।

শুক্রবার (২০ নভেম্বর) বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কিমিটির যুগ্ম সাধারণ সম্পাদক (দপ্তরের দায়িত্বে) মিনহাজুল ইসলাম ভূইয়া স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। ওই প্রেস বিজ্ঞপ্তি উল্লেখ করা হয়,বিএনপির সিনিয়র নেতৃবৃন্দকে উদ্দেশ্য করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ঔদ্ধত্যপূর্ণ মন্তব্য প্রদানের মাধ্যমে দলীয় নীতি ও আদর্শ পরিপন্থী কর্মকান্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগে চাঁদপুর হাজীগঞ্জ পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক জহির আহমেদ জহিরকে প্রাথমিক সদস্য পদ সহ দল থেকে বহিস্কার করা হয়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কিমিটির সভাপতি আবদুল

● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
২২ নভেম্বর ২০২৬
রোববার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

আল কাউসার স্কুল হাজিগঞ্জ
২০২৭ শিক্ষাবর্ষে
আসন সংখ্যা সীমিত
আবাসিক/অনাবাসিক
ভর্তি চলছে
ভর্তি শুরু ২ নভেম্বর'২৬
ক্লাস শুরু ১ জানুয়ারী'২৭
■ শিশু শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ■ মাধ্যমিক শাখায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা ৩টি বিভাগই চালু আছে
■ ৬ষ্ঠ শ্রেণি থেকে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হয়।
প্রধান শিক্ষক 01309-131307
প্রতিষ্ঠা ও পরিচালনায়ঃ আল কাউসার ট্রাস্ট, হাজিগঞ্জ। 01819-190633, 01815-584721, 01816-863188

আদর্শ একাডেমী ফরিদগঞ্জ
ফরিদগঞ্জ উপজেলায় জে.এস.সি ও এস.এস.সি তে বছরার ১ম স্থান অর্জনকারী শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।
বৈশিষ্ট্য সমূহঃ
মাল্টিমিডিয়া ক্লাস।
অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান।
আধুনিক ও ইসলামী শিক্ষার সমন্বয়।
সর্বাধিক পরিমাণ ক্লাস।
বাড়ীর কাজ, টিউটোরিয়াল পরীক্ষা।
গাইড শিক্ষকের মাধ্যমে তত্বাবধান।
অনগ্রসর শিক্ষার্থীদের বিশেষ তত্বাবধান।
৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণিতে পূর্বক শাখায় ছাত্র/ছাত্রী ভর্তি করা যাচ্ছে।
প্লে থেকে নবম শ্রেণি
আবাসিক
অনাবাসিক
পরিবহনের সু-ব্যবস্থা
ভর্তি চলছে
01712-752990, 01718-520857, 01728-168333, 01724-746131

হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার ২২ নভেম্বর ২০২৬, ৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ, ১১ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
★Kids Spoken + Reading Comprehension
★Advanced Spoken
★Professional Spoken
English Grammar
৫ হাজী মহসিন রোড, স্পোর্টস গ্যালারির সামেই, নিচতলায়, চাঁদপুর সদর, চাঁদপুর।
01974-924300

পুলিশে নতুন ১৪ হাজার পদ অনুমোদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের

দিগন্ত ডেস্ক

বাংলাদেশ পুলিশের জনবল ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে ১৪ হাজার নতুন পদ সৃজনের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এর মধ্যে ১০ হাজার কনস্টেবল এবং ৪ হাজার উপপরিদর্শক (এসআই-নিরস্ত্র) পদ রয়েছে।
নতুন এসব পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগের প্রয়োজনীয় সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে।
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-৩ শাখা থেকে গত ১৫ নভেম্বর এ বিষয়ে পৃথক দু'টি সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের সাংগঠনিক কাঠামোয় ১০ হাজার কনস্টেবল ও ৪ হাজার এসআই পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের অনুমোদন দেয়া হয়েছে।
মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, পুলিশের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এসব পদ সৃজন করা হয়েছে। এ সংক্রান্ত ব্যয় পুলিশ বাজেটের সংশ্লিষ্ট খাতের বরাদ্দ অর্থ থেকে নির্বাহ করা হবে। একইসাথে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের আরোপিত শর্তাবলি এবং বিদ্যমান বিধিবিধান অনুসরণ করে নিয়োগসংক্রান্ত পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে। ● ২-এর পাতায় দেখুন



ফিতা কেটে মাসব্যাপী ক্রীড়া উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনিরা খাতুন।

শাহরাস্তি প্রেসক্লাবের মাসব্যাপী ক্রীড়া উৎসবের উদ্বোধন

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে শাহরাস্তি প্রেসক্লাবের উদ্যোগে মাসব্যাপী ক্রীড়া উৎসবের উদ্বোধন করা হয়েছে। শনিবার (২১ নভেম্বর ২০২৬) বিকেল ৩টায় শাহরাস্তি প্রেসক্লাবে জমকালো আয়োজনের মধ্য দিয়ে ফিতা কেটে এ ক্রীড়া উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনিরা খাতুন। শাহরাস্তি প্রেসক্লাবের সভাপতি মো. মঈনুল ইসলাম কাজলের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সামছুজ্জামান ও শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমান। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেন প্রেসক্লাবের নেতৃবৃন্দ। স্বাগত বক্তব্য রাখেন ক্রীড়া উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক আবু ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের মেধাবৃত্তি পরীক্ষা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে মোতাহার হোসেন পাটওয়ারী প্রতিষ্ঠিত আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত আইফা মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬ অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (২১ নভেম্বর) সকাল ১০টা থেকে উপজেলার দুটি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের মোট ১ হাজার ১২৫ জন শিক্ষার্থী এ মেধাবৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। ফরিদগঞ্জ এ আর পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয় ও ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদরাসায় পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হয়। বিপুলসংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণে দুই কেন্দ্রেই সুশৃঙ্খলভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।
ফরিদগঞ্জ এ আর পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করেন হাসিনা আকতার এবং হল সুপারের দায়িত্বে ছিলেন মো. শরীফ হোসাইন।
ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদরাসা কেন্দ্রে কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করেন মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা মমিনুল ইসলাম এবং হল সুপারের দায়িত্বে ছিলেন লাউতলী ড. আ. রশিদ আহমেদ উচ্চ বিদ্যালয় ও কলেজের সহকারী অধ্যাপক মো. মাহবুবুর রহমান।
পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্ব পালন করেন ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক এবং আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের কো-অর্গানাইজার নুরুল ইসলাম ফরহাদ।
এ সময় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন ● ২-এর পাতায় দেখুন



পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করছেন আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও বিশিষ্ট সমাজসেবক মোতাহার হোসেন পাটওয়ারী।

কচুয়ায় কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের বৃত্তি পরীক্ষা

নিজস্ব প্রতিনিধি

কচুয়া উপজেলায় কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের উদ্যোগে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২১ নভেম্বর) সকাল ১০টায় উপজেলার ৮টি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা শুরু হয়। নার্সারি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত মোট



কচুয়ায় উৎসবমুখর পরিবেশে কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত।

৩ হাজার ৪৬৬ জন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে। সকাল থেকেই গুঁড়ি গুঁড়ি বৃষ্টি উপেক্ষা করে শিক্ষার্থীরা অভিভাবকদের সঙ্গে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হয়। পরীক্ষা শুরুর আগে প্রতিটি কেন্দ্রে অভিভাবকদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। দিনভর প্রতিটি কেন্দ্রে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ● ২-এর পাতায় দেখুন

চেয়ারম্যান পদপ্রার্থী ইঞ্জি. মোহাম্মদ তাজুল ইসলামের

গজরা ইউনিয়নকে মাদকমুক্ত ও শিক্ষাবান্ধব গড়ার প্রত্যয়

মতলব উত্তর প্রতিনিধি



মতলব উত্তর উপজেলার গজরা ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে নিজের প্রত্যাশা ও উন্নয়ন ভাবনা তুলে ধরেছেন ইঞ্জিনিয়ার মোহাম্মদ তাজুল ইসলাম (এমএসসি)। "মাদক নয়, শিক্ষাই হোক জীবনের মূল লক্ষ্য"–এমন স্লোগানকে সামনে রেখে তিনি একটি উন্নত, আদর্শ ও জনবান্ধব গজরা ইউনিয়ন গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন। তাঁর প্রচারিত নির্বাচনী বার্তায় জনগণের সেবা, ইউনিয়নের সার্বিক উন্নয়ন এবং জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। পাশাপাশি অবকাঠামোগত উন্নয়ন, রাস্তাঘাট ও প্রয়োজনীয় নাগরিক সুবিধা সম্প্রসারণের ● ২-এর পাতায় দেখুন



হাজীগঞ্জ আইডিয়াল কলেজ অব এডুকেশনের স্কুল শাখায় অনুষ্ঠিত বিজ্ঞান মেলার চিত্র।

হাজীগঞ্জ আইডিয়াল কলেজ অব এডুকেশনের স্কুল শাখায় বিজ্ঞান মেলা

ইউসুফ বেপারী

হাজীগঞ্জ আইডিয়াল কলেজ অব এডুকেশনের স্কুল শাখায় বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়েছে। এতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী চিন্তা, সৃজনশীলতা ও মেধার সমন্বয়ে তৈরি বিভিন্ন বিজ্ঞাননির্ভর প্রকল্প প্রদর্শন করে। শিক্ষার্থীদের ব্যতিক্রমী সব উদ্ভাবন ও প্রযুক্তিনির্ভর ধারণায় প্রাণবন্ত হয়ে ওঠে মেলার পরিবেশ। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকালে প্রতিষ্ঠানের হলরুমে এ বিজ্ঞান মেলার আয়োজন করা হয়। মেলায় শিক্ষার্থীরা পরিবেশবান্ধব ও প্রযুক্তিনির্ভর নানা প্রকল্প ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় নিষিদ্ধ আ'লীগের ৪ নেতাকর্মী গ্রেফতার

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় আইনের মামলায় জড়িত থাকার সন্দেহে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের ৪ নেতাকর্মীকে গ্রেফতার করেছে কচুয়া থানা পুলিশ।
বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রাতে কচুয়া থানা পুলিশের পৃথক বিশেষ অভিযানে উপজেলার বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃতরা হলেন– উপজেলার রহিমানগর গোহট এলাকার আওয়ামী লীগ নেতা মো. বাবুল গাজী প্রকাশ জুট বাবুল, দোয়াটি এলাকা থেকে রিপন সরকার, দারশাহী-তুলপাই এলাকার যুবলীগ নেতা আবু সুফিয়ান এবং রামদেবপুর এলাকার ছাত্রলীগ কর্মী মো. আরিফুল ইসলাম।
থানা পুলিশ সূত্রে জানা যায়, কচুয়া থানার এফআইআর নং-৫৬, তারিখ ২৫ জুন ২০২৬; জিআর নং-২৩৬, তারিখ ২৫ জুন ২০২৬; সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ৮/৯/১০/১২ ধারায় দায়ের করা মামলায় তাদের গ্রেফতার করা হয়েছে।
এ বিষয়ে কচুয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আজিজুল ইসলাম বলেন, সরকার কর্তৃক কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে লবাইরকান্দি যুবসমাজের প্রীতি ফুটবল টুর্ণামেন্ট

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার লবাইরকান্দি যুবসমাজের উদ্যোগে আয়োজিত বিবাহিত বনাম অবিবাহিত প্রীতি ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। ২১ নভেম্বর আল-আমিন দাখিল মাদ্রাসা মাঠে অনুষ্ঠিত খেলার উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা মহিলা দলের প্রচার সম্পাদক ও দুর্গাপুর ইউপির ১,২,৩নং ওয়ার্ড মহিলা মেম্বার পদপ্রার্থী মাকসুদা বেগম।
খেলা পরিচালনায় ছিলেন মোঃ মামুনুর রশিদ। উপস্থিত ছিলেন, বিশিষ্ট সমাজসেবক লিয়াকত প্রধান, দুর্গাপুর ইউনিয়ন মৎস্যজীবী দলের সহ-সভাপতি বাদল হোসেন গাজীসহ আরো অনেকে।
খেলায় বিবাহিত একাদশ বনাম অবিবাহিত একাদশ দল অংশগ্রহণ করে ৩-০ গোলে অবিবাহিত একাদশ চ্যাম্পিয়ন হয়।

সভাপতি মইন উদ্দিন, সম্পাদক হাবিব

চাঁদপুরে ইসলামী যুব আন্দোলনের সম্মেলন

শহর প্রতিনিধি

ইসলামী যুব আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার দ্বি-বার্ষিক যুব সম্মেলন-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে শুরা সদস্যদের পরামর্শে ২০২৭-২৮ সেশনের নতুন কমিটি ঘোষণা করা হয়। এতে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মুফতি মঈন উদ্দিন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন শেখ মুহাম্মদ হাবিবুর রহমান। শুক্রবার (২০ নভেম্বর) সন্ধ্যায় চাঁদপুর শহরের বিপনীবাগস্থ দলীয় কার্যালয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী যুব আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল মুফতি রহমতুল্লাহ বিন হাবিব। তিনি বলেন, যুবকদেরকে মাদক সন্ত্রাস দুর্নীতি মুক্ত আদর্শবান যুবসমাজ গড়তে যুব আন্দোলনের বিকল্প নাই। দেশে চলমান নিষিদ্ধ আওয়ামী লীগের জ্বালাও পোড়াও নৈরাজ্য সৃষ্টি করছে আওয়ামী লীগের নৈরাজ্যের প্রতিবাদে স্বরাষ্ট্রমন্ত্রীর ব্যর্থতার পরিচয় দিয়েছেন।



ইসলামী যুব আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার সভাপতি মাওলানা ইমরান হোসাইন এর সভাপতিত্বে এবং যুগ্ম সাধারণ সম্পাদক শেখ মুহাম্মদ হাবিবুর রহমান সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামী যুব আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (কুমিল্লা বিভাগ) মোহাম্মদ সাইফুল ইসলাম, ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি গাজী মুহাম্মদ হানিফ, সহ-সভাপতি কে.এম ইয়াসিন রাশেদসানি সেক্রেটারি মাওলানা নুর উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মাওলানা হেলাল আহমাদ, জাতীয় ● ২-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে সামাজিক সংগঠন 'বন্ধন- ১২' এর উদ্যোগে এসএসসি ও দাখিল পরীক্ষার্থীদের মাঝে নগদ অর্থ বিতরণ করছেন সংগঠনের নেতৃবৃন্দ।

ফরিদগঞ্জে এসএসসি ও দাখিল পরীক্ষার্থীদের মাঝে বোর্ড ফি প্রদান করলো 'বন্ধন ১২'

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে এসএসসি ও দাখিল পরীক্ষার্থীদের মাঝে বোর্ড ফি প্রদান করেছে সামাজিক সংগঠন 'বন্ধন ১২'।
শনিবার (২১ নভেম্বর) বন্ধন-১২ এর পক্ষ থেকে প্রতি বছরের ন্যায় ১২নং চরদুঃখিয়া (পশ্চিম) ইউনিয়নের মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান হতে ২০২৭ সালের মেধাবী ও অসচ্ছল এসএসসি ও দাখিল পরীক্ষার্থীদের বোর্ড ফি প্রদান কর্মসূচি অনুষ্ঠিত হয়।
এ কর্মসূচির আওতায় দক্ষিণ লড়াইচর দাখিল মাদরাসার ৮ জন, উত্তর লড়াইচর দাখিল মাদরাসার ৭ জন, বিরামপুর এস জে এম উচ্চ বিদ্যালয়ের ১০ জন এবং ফিরোজপুর জনকল্যাণ উচ্চ বিদ্যালয়ের ১০ জন শিক্ষার্থীকে বোর্ড ফি প্রদান করা হয়। মোট ৩৫ জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থী এ সহায়তা পায়।
এ সময় উপস্থিত ছিলেন বন্ধন-১২ এর নবনির্বাচিত সাধারণ সম্পাদক আমেরিকান প্রবাসী ব্যবসায়ী আলমগীর পাটওয়ারী, ইউপি চেয়ারম্যান শাহজাহান মাস্টার, বন্ধন-১২ এর সহ-সভাপতি সেলিম গাজী, যুগ্ম সাধারণ সম্পাদক ও যমুনা টেলিভিশনের সিনিয়র সাংবাদিক শাহাদাত হোসেন।
আরও উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সালাহউদ্দিন মিঠু, ইউনিয়ন যুবদলের সভাপতি রিয়াদ গাজী, সাধারণ সম্পাদক অনিক, বন্ধন-১২ এর অন্যতম সদস্য বোরহান, ইমান মাস্টার, সেলিম বৈদ্য, জুমান পাটওয়ারী, রুবেল মাস্টার, ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুমন, যুগ্ম সাধারণ সম্পাদক শাহিন তানভীর, অলি-উল্লাহ মিজি প্রমুখ।

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
দ্বীনি শিক্ষার সমন্বয়ে আধুনিক শিক্ষার অনন্য প্রতিষ্ঠান
আল-কাউসার দাখিল মাদ্‌রাসা
দাখিল পরীক্ষায় কৃতিত্বপূর্ন ফলাফল ও ৫ম-৮ম শ্রেণিতে সরকারী- বেসরকারী মেধা বৃত্তি প্রাপ্তিতে জেলায় প্রথম।
আবাসিক
অনাবাসিক
ভর্তির শ্রেণি ও ভর্তি পরীক্ষা
আসন সংখ্যা সীমিত
চলতি শিক্ষাবর্ষে
প্লে থেকে দাখিল ৯ম শ্রেণিতে
(মানবিক ও বিজ্ঞান বিভাগ)
ভর্তি চলছে
✓ চলতি শিক্ষাবর্ষে প্লে শ্রেণি হতে দাখিল নবম শ্রেণি পর্যন্ত ভর্তি করা হবে।
✓ প্লে শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী এবং ৬ষ্ঠ শ্রেণি হতে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হবে।
✓ মাদ্‌রাসার অফিস হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
✓ প্লে-২য় শ্রেণি পর্যন্ত তাৎক্ষণিক (মৌখিক ও লিখিত) পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য বাছাই করা হবে।
মাদ্‌রাসার বৈশিষ্ট্যাবলি
৪র্থ শ্রেণি হতে আবাসিকের সু-ব্যবস্থা
» ইসলাম ও আধুনিক তথ্য প্রযুক্তিমূলক শিক্ষার সমন্বয়।
» নৈতিক মানসম্পন্ন যোগ্য আলেম তৈরির লক্ষ্য।
» সুস্থ বিনোদন ও ইসলামী সংস্কৃতি চর্চা,জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ।
» শিক্ষার্থীদের যাতায়াতের জন্য নিজস্ব পরিবহনের ব্যবস্থা।
» অভিজ্ঞ শিক্ষক মন্ডলি দ্বারা শ্রেণি কার্যক্রম পরিচালিত।
» শিক্ষার্থীর জীবনের লক্ষ্য বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহন।
» সার্বক্ষনিক বিকল্প বিদ্যুৎ এর ব্যবস্থা।
» নিয়মিত অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থী,শিক্ষক ও অভিভাবকের সমন্বয় সাধন।
» অমনোযোগী ও ব্যস্ত অভিভাবকদের সন্তানদের জন্য বিশেষ ব্যবস্থা।
» সার্বক্ষণিক অধ্যয়ন চালু রাখার জন্য বাড়ির কাজ, ক্লাস টেস্ট,মূল্যায়ন,অর্ধ-বার্ষিক,বার্ষিক পরীক্ষার ব্যবস্থা।
» নিয়মিত ডায়েরি সংরক্ষণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা।
» উন্নত স্বাস্থ্য সম্মত খাবার পরিবেশন ও আবাসনের ব্যবস্থা।
৩য় শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা ৩১ ডিসেম্বর , সকাল ১০ ঘটিকায়।
ভর্তি ফরম ও অন্যান্য তথ্যাবলি কার্যদিবসে সকাল ৮ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত মাদ্‌রাসা অফিসে পাওয়া যাবে।
ভর্তি শুরু ১ নভেম্বর হতে
ক্লাস শুরু ও ছবক অনুষ্ঠান ৩ জানুয়ারি
01716-365215, 01715-623342
প্রতিষ্ঠা ও পরিচালনায় ঃআল-কাউসার ট্রাস্ট, হাজীগঞ্জ।

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটরঃ মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিস, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার , সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (অল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, জন্ম (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস , বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোস্কোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, প্যাপারেন্ডপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএস (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্

দৈনিক চাঁদপুর দিগন্ত
রোববার ॥ ২২ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

এলিভেটেড এক্সপ্রেসওয়ের টোল
স্বাধীন নিরীক্ষায় প্রকৃত হিসাব বের করুন

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়েতে যানবাহনের প্রকৃত সংখ্যা গোপন করে সরকারকে রাজস্ব থেকে বঞ্চিত করার অভিযোগ গুরুতর। এর সঙ্গে অনুমোদন ছাড়া তৃতীয় পক্ষকে দায়িত্ব দেওয়া এবং বাংলাদেশি কর্মীদের চাকরিচ্যুতির অভিযোগও যুক্ত হয়েছে। এসব অভিযোগের সত্যতা নিরপেক্ষ তদন্তে নির্ধারণ করতে হবে। তবে পুলিশের বিশেষ শাখার প্রতিবেদন পাওয়ার পরও তদারককারী কর্তৃপক্ষের বক্তব্যে যে আশ্বাসনির্ভর অবস্থান দেখা যাচ্ছে, তা উদ্বেগজনক। জনগণের অর্থ ও রাষ্ট্রীয় সম্পদযুক্ত একটি প্রকল্পে বিনিয়োগকারীর দেওয়া হিসাবই সরকারের একমাত্র ভরসা হতে পারে না। চুক্তি অনুযায়ী, টানা ১৫ দিন দৈনিক যানবাহন চলাচল ৮০ হাজার ছাড়ালে অতিরিক্ত যানবাহনের টোলের ২৫ শতাংশ সরকার পাবে। অন্যদিকে দৈনিক চলাচল সাড়ে ১৩ হাজারের নিচে নামলে পরিচালনাকারী প্রতিষ্ঠান ভর্তুকি পাবে; অর্থাৎ যানবাহনের সঠিক হিসাব এই চুক্তিতে উভয় পক্ষের আর্থিক পাওনা নির্ধারণের ভিত্তি। সেই হিসাব যাচাইয়ে শুরু থেকেই সরকারের স্বাধীন ব্যবস্থা থাকার কথা। এখন আলাদা পর্যবেক্ষণের উদ্যোগ নেওয়ার ঘোষণা তাই আগের তদারকির দুর্বলতাকেই সামনে আনছে। পুলিশের বিশেষ শাখার অনুসন্ধানে দৈনিক প্রায় এক লাখ যানবাহনের কথা বলা হয়েছে।

ঐক্যবদ্ধ থাকলে বাংলাদেশকে

বাহিনীর অবদান অনন্য। সবাই ঐক্যবদ্ধ থাকলে দেশের স্বাধীনতা ও মর্যাদা ক্ষুণ্ন করার সাহস কেউ পাবে না।

বক্তব্যের শুরুতে সেনানিবাসে এসে তিনি স্মৃতিকাতর হয়ে পড়েছেন উল্লেখ করে মা বেগম খালেদা জিয়ার স্মৃতিচারণ করেন প্রধানমন্ত্রী।

তিনি বলেন, বেগম খালেদা জিয়া জীবনের দীর্ঘ সময় এই সেনানিবাসে কাটিয়েছেন। ২০২৫ সালের সশস্ত্র বাহিনী দিবসের অনুষ্ঠান ছিল এ আয়োজনে তার শেষ অংশগ্রহণ।

সশস্ত্র বাহিনীর গৌরবোজ্জ্বল ইতিহাস তুলে ধরে তারেক রহমান বলেন, মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাংলাদেশের সশস্ত্র বাহিনীর যাত্রা শুরু হয়েছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই সেনাবাহিনীর একজন গর্বিত সদস্য ছিলেন। এটি বাহিনীর ইতিহাসের একটি গৌরবোজ্জ্বল অধ্যায়। সশস্ত্র বাহিনী বাংলাদেশের সাহস ও শৌর্যের প্রতীক।

বিগত সময়ের প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে ভূলুণ্ঠিত করার চেষ্টা হয়েছে। একই সঙ্গে সশস্ত্র বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপচেষ্টাও চালানো হয়েছে। তবে দেশের স্বাধীনতা রক্ষা ও জনগণের স্বার্থে বাহিনী সব সময় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

সশস্ত্র বাহিনীকে আরও আধুনিক, প্রযুক্তিনির্ভর ও সমন্বিত কাঠামোয় গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, সরকার এ বাহিনীর আধুনিকায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। বাহিনীতে চেইন অব কমান্ড পুরোপুরি বজায় রাখা হবে। পাশাপাশি ২০৩০ সালের মধ্যে সশস্ত্র বাহিনীতে 'ওয়ান র‍্যাঙ্ক, ওয়ান পেনশন' ব্যবস্থা কার্যকর করার ঘোষণা দেন তিনি।

টানা বৃষ্টির প্রভাবে

জলাবদ্ধতায় চাঁদপুরের বিভিন্ন উপজেলায় মাঠের ফসল মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে ভুট্টা–প্রায় ২০৩ হেক্টর জমির ভুট্টা ক্ষেত নষ্ট হয়ে গেছে। এছাড়া ১৯৫ হেক্টর জমির শীতকালীন শাকসবজি, ১০৫ হেক্টর সরিষা এবং ৮ হেক্টর বীজতলা বৃষ্টির পানিতে তলিয়ে ও ভিজে ক্ষতিগ্রস্ত হয়েছে। এ সময় পাকা ও আধাপাকা আমন ধানও বৃষ্টির কবলে পড়ে আক্রান্ত হয়েছে, যা নিয়ে চরম দুশ্চিন্তায় রয়েছেন জেলার প্রান্তিক কৃষকরা।

টানা তিন দিনের বৃষ্টি ও শীতল বাতাসে চাঁদপুরের সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রায় ছন্দপতন ঘটেছে। বিশেষ করে দিনমজুর, খেটে খাওয়া মানুষ, ভ্যান ও রিকশাচালকদের স্বাভাবিক আয়-রোজগার ব্যাহত হয়েছে। বৃষ্টির কারণে শহরের নিচু এলাকা ও গ্রামীণ কাঁচা-পাকা সড়কে জলাবদ্ধতা ও কর্দমাক্ত অবস্থার সৃষ্টি হওয়ায় যানবাহন চলাচলে বিঘ্ন ঘটছে এবং ভোগান্তিতে পড়েছেন সাধারণ যাত্রী ও পথচারীরা।

চাঁদপুরে সর্বদলীয়

আহ্বায়ক মাহবুব আলম, ইসলামী আন্দোলন বাংলাদেশের ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক শেখ মুহাম্মদ জয়নাল আবেদীন, জেলা ইসলামী আন্দোলনের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মোহাম্মদ হানিফ, জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের চাঁদপুর জেলা শাখার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মুফতি সাব্বির আহমদ, জেলা গণফোরামের সহ-সভাপতি অধ্যক্ষ মনির চৌধুরী, জেলা গণঅধিকার পরিষদের সাবেক আহ্বায়ক কাজী রাসেল, সাবেক যুগ্ম সদস্য সচিব সামিউর প্রধান।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি জসিম উদ্দিন খান বাবুল, খলিলুর রহমান গাজী, সাংগঠনিক সম্পাদক মুনির চৌধুরী, সহ-সভাপতি ফেরদৌস আলম বাবু, ডি এম শাহাজাহান, যুগ্ম সাধারণ সম্পাদক সেলিমুছ সালাম, আক্তার হোসেন মাঝি, অ্যাড. হারুনুর রশীদ, শাহজালাল মিশন, সাংগঠনিক সম্পাদক অ্যাড. সামছুল ইসলাম মন্টু, দপ্তর সম্পাদক হযরত আলী ঢালী, প্রচার সম্পাদক শরীফ উদ্দিন পলাশ, শহর জামায়াতে ইসলামীর আমির অ্যাড. শাহাজাহান খান, জেলা যুবদলের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ বাহারসহ বিএনপি ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, দেশের স্বার্থে এবং মানুষের কল্যাণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। কে ছোট দল, কে বড় দল–এমন পার্থক্য না রেখে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে আমরা সবাই এক ও অভিন্ন। দীর্ঘ ১৭ বছর ফ্যাসিবাদের বিরুদ্ধে রাজপথে কাঁধে কাঁধ মিলিয়ে আন্দোলন করেছি। অনেক ত্যাগ, রক্ত ও জীবনের বিনিময়ে ফ্যাসিবাদকে পরাজিত করা হয়েছে। কিন্তু তাদের আশ্রয়-প্রশ্রয়দাতারা এখনো নানা ষড়যন্ত্রে লিপ্ত থাকতে পারে। তাই কোনোভাবেই ফ্যাসিবাদের বিষয়ে আপস করা যাবে না।

তারা আরও বলেন, জাতির প্রয়োজনে রাজনৈতিক দলগুলোর ঐক্যবদ্ধ হতে সময় লাগে না। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও মানুষের নিরাপত্তা রক্ষায় সবাইকে সম্মিলিতভাবে ভূমিকা রাখতে হবে। ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার কোনো বিকল্প নেই।

প্রবাসীদের অর্জিত দক্ষতাকে

ইসলামী ছাত্রশিবিরের সাবেক জনশক্তির উদ্যোগে আয়োজিত 'রাষ্ট্র সংস্কারে প্রবাসীদের ভূমিকা' শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জামায়াত আমির বলেন, প্রবাসীরা শুধু নিজেদের কর্মজীবন ও ব্যক্তিগত সাফল্যের মধ্যে সীমাবদ্ধ থাকবেন না; বরং নিজেদের অর্জিত দক্ষতা ও অভিজ্ঞতা দেশের কল্যাণে কাজে লাগানোর চেষ্টা করবেন। বিশেষ করে রাষ্ট্র সংস্কার, উন্নয়ন, শিক্ষা, প্রযুক্তি ও অর্থনৈতিক অগ্রগতিতে প্রবাসীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ রয়েছে। তিনি বলেন, প্রবাসে অবস্থান করলেও দেশের প্রতি দায়িত্ব ও ভালোবাসা অটুট রাখতে হবে। নিজেদের পেশাগত দক্ষতা, সততা, যোগ্যতা ও অভিজ্ঞতার মাধ্যমে বিদেশের মাটিতে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরতে হবে। পাশাপাশি দেশের মানুষের কল্যাণ ও রাষ্ট্রের উন্নয়নে নিজেদের সামর্থ্য অনুযায়ী অবদান রাখতে হবে।

কচুয়া সরকারি কলেজের

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব এ এম এম শাহরিয়ার হাসান স্বাক্ষরিত এ প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হয়েছে। ড. মনির হোসেন সরকার কচুয়া সরকারি কলেজের অধ্যক্ষ হিসেবে সংযুক্ত হওয়ায় কলেজটির প্রশাসনিক দায়িত্ব পালনে নতুন পদায়ন কার্যকর ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

ফরিদগঞ্জে চিকিৎসকের

হাসপাতাল, ফরিদগঞ্জ (প্রাঃ) এর চিকিৎসক ডা. হাসিনা তৈয়ব ও হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলা ও সিমাহীন অনিয়মের কারণে আমি বাবা ডাক শোনা থেকে বঞ্চিত হয়েছি। ওই চিকিৎসক ও হাসপাতাল কর্তৃপক্ষের সকল অনিয়মের বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি। এ সময় একই দাবী করেছেন ওই শিশুর স্বজন ও স্থানীয় বাসিন্দারা।

?শিশুর দাদা আব্দুর রব বলেন, আমার নাতি জীবিতবস্থায় দুনিয়াতে আসলেও চিকিৎসকের অবহেলায় তার মৃত্যু হয়েছে। আমরা তাদের বিচার চাই।

?নবজাতের নিকটাত্মীয় সকলে প্রায় একযোগে বলেছেন, এই চিকিৎসকের হাতে এবং চিকিৎসার অবহেলায় আর কোনো মা-শিশু যাতে মৃত্যুবরণ না করেন, এ জন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারা বলেছেন, এই চিকিৎসককে যাতে এই হাসপাতালে আর দেখা না যায়। তদন্ত সাপেক্ষে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে চাঁদপুরের সিভিল সার্জনের হস্তক্ষেপ কামনা করেছেন তারা।

?এদিকে, থানার ওসি, স্বজন, গণমাধ্যমকর্মী ও এলাকার গণ্যমান্য লোকের সামনে হাসপাতাল কর্তৃপক্ষ দাবী বলেছেন "ওই সময় অভিযুক্ত ডাক্তার অন্য একটি সিজারিয়ান অপারেশনে ব্যস্ত ছিলেন"।

?অভিযুক্ত চিকিৎসক ডা. হাসিনা তৈয়বের বক্তব্যের জন্য একাধিকবার চেষ্টা করেও তার সাক্ষাৎ পাওয়া যায়নি। একটি সূত্র বলেছে, দূর্ঘটনার অভিযোগ ওঠার পর তিনি আড়ালে চলে গেছেন। এ রিপোর্ট তৈরির আগে (রাত ১০টা ৩০ মিনিট) পর্যন্ত হাসপাতালেও তার উপস্থিতি দেখা যায়নি।

?এদিকে হাসপাতাল মালিক পক্ষে মো. হারুনুর রশিদ বলেন, আমরা চেষ্টা করেছি, সঠিকভাবে চিকিৎসা প্রদানের জন্য। চিকিৎসকের যদি অবহেলা থাকে, আমরা হাসপাতাল কর্তৃপক্ষ তদন্ত করে চিকিৎসকের সাথে চুক্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। 'ডাক্তার যদি চিকিৎসা দিতে না পরেন তাহলে তিনি রেফার করে দিলেন না কেনো'।

গণমাধ্যম কর্মীদের এমন প্রশ্নে কর্তৃপক্ষের কাছ থেকে সদুত্তর পাওয়া যায়নি।

?ফরিদগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ এরশাদ উল্যাহ বলেন, খবর পেয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। সকলের কথা শুনেছি। লিখিত অভিযোগ পেলে তদন্তের মাধ্যমে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

?উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আসাদুজ্জামান জুয়েল বলেন, একজন নবজাতক মারা যাওয়া ভুক্তভোগীর জন্য অত্যন্ত বেদনার। তবে, এ বিষয়ে সরজমিন না জেনে আমি কিছু বলতে পারছি না।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, খোঁজ নিয়ে উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে তদন্ত কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চাঁদপুরে স্কুলব্যাগে

কেনাবেচার গোপন তথ্য পাওয়ার পর পুলিশের একটি দল দ্রুত অভিযান পরিচালনা করে। সন্দেহভাজন হাশিম খানকে আটক করে তল্লাশি চালানো হলে তাঁর সঙ্গে থাকা স্কুলব্যাগের ভেতর থেকে ২ হাজার ৮৩৬ পিস ইয়াবা ট্যাবলেট পাওয়া যায়।

চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ আহমেদ জানান, উদ্ধার করা ইয়াবা বিক্রির উদ্দেশ্যে ওই যুবক নিজের কাছে রেখেছিলেন। এ ঘটনায় তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হয়েছে।

চাঁদপুরে সিপিআর

অধ্যাপক ডা. এম এস জহিরুল হক চৌধুরী। বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক ডা. আশরাফুল আলম সুমন এবং ফাউন্ডেশনের যুব সাধারণ সম্পাদক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আল-আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সাইফুল ইসলাম। অনুষ্ঠান পরিচালনা করেন নিউরোলজি ফাউন্ডেশন অব বাংলাদেশের সেক্রেটারি একাডেমিয়ান ডা. ফাহিম আল ফয়সাল। পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মো. রাসেল।

কর্মসূচিতে বক্তারা বলেন, মস্তিষ্ক, হৃদরোগ ও মানসিক স্বাস্থ্যজনিত সমস্যা সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধি অত্যন্ত জরুরি। বিশেষ করে হৃদযন্ত্রের কার্যক্রম বন্ধ হয়ে যাওয়া কিংবা আকস্মিক অসুস্থতার ক্ষেত্রে দ্রুত সিপিআর দেয়া একজন মানুষের জীবন বাঁচাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ ধরনের প্রশিক্ষণ সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে নিয়মিত সচেতনতামূলক কর্মসূচি আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন তারা।

এ সময় স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং জরুরি পরিস্থিতিতে জীবন রক্ষাকারী প্রাথমিক চিকিৎসা সম্পর্কে সাধারণ মানুষকে প্রশিক্ষিত করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

শাহরাস্তি উপজেলা

তার সংশ্লিষ্টতার অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

এদিকে চলতি বছরের ১৫ জানুয়ারি প্রকাশিত 'শেখ হাসিনা সংগ্রাম পরিষদ' চাঁদপুর জেলা শাখার আহ্বায়ক কমিটির উপদেষ্টা মণ্ডলীর সদস্যদের তালিকায়ও ওমর ফারুক রুমীর নাম রয়েছে।

পুলিশ আরো জানায়, তার বিরুদ্ধে শাহরাস্তি ও ঢাকার বিভিন্ন থানায় মামলা রয়েছে। শাহরাস্তি থানার একটি এজাহারের কপিতে দেখা যায়, ২০২৫ সালের ২৩ জুন সন্ধ্যায় শাহরাস্তির ওয়ারুক স্টেশন বাজারে সরকার বিরোধী মিছিল ও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির অভিযোগে দায়ের করা মামলায় ওমর ফারুক রুমীকে ৪৩ নম্বর আসামি করা হয়েছে। সন্ত্রাস বিরোধী আইনের বিভিন্ন ধারায় দায়ের করা ওই এজাহারে তাকে সমর্থক, অর্থদাতা, পরামর্শদাতা ও নির্দেশদাতা হিসেবে উল্লেখ করা হয়।

শাহরাস্তি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর মাহবুবুর রহমান বলেন, তিনি ঢাকায় গ্রেফতার হয়েছেন। তার বিরুদ্ধে শাহরাস্তি থানায় একাধিক মামলা রয়েছে।

জেলা আ'লীগের সাংগঠনিক

আহমেদ গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, মজিবুর রহমান ভূঁইয়া নামে একজনকে গ্রেফতার করা হয়েছে। তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। এ বিষয়ে বিস্তারিত পরে জানানো হবে।

চাঁদপুর রেড ক্রিসেন্ট

২০২৬-২০২৮ মেয়াদের জন্য নির্বাচিত সাতজন ও মনোনীত তিনজন সদস্যের সমন্বয়ে কমিটি গঠন করা হয়েছে।

নতুন কমিটি অনুমোদনের মধ্য দিয়ে চাঁদপুর রেড ক্রিসেন্ট ইউনিটের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন। বিশেষ করে মানবিক সহায়তা, দুর্যোগকালীন উদ্ধার ও ত্রাণ কার্যক্রম, স্বাস্থ্যসেবা এবং স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডে নবগঠিত কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

উল্লেখ্য, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি দেশের অন্যতম প্রধান মানবিক সেবামূলক প্রতিষ্ঠান। প্রাকৃতিক দুর্যোগ, জরুরি মানবিক সংকট ও বিভিন্ন সামাজিক প্রয়োজনে প্রতিষ্ঠানটি দীর্ঘদিন ধরে মানুষের পাশে থেকে কাজ করে আসছে। চাঁদপুর ইউনিটও স্থানীয় পর্যায়ে বিভিন্ন মানবিক ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। নতুন নেতৃত্বের মাধ্যমে চাঁদপুরে রেড ক্রিসেন্টের মানবিক কার্যক্রম আরও সম্প্রসারিত ও শক্তিশালী হবে–এমন প্রত্যাশা সংশ্লিষ্ট মহলের।

হাজীগঞ্জ পৌর যুবদলের

মোনায়েম মুন্না ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন এমপি ইতোমধ্যে এ সিদ্ধান্ত কার্যকর করেছেন। বহিষ্কৃতদের কোন ধরনের অপকর্মের দায়-দায়িত্ব দল নিবেনা। যুবদলের সকল পর্যায়ে নেতাকর্মীদের তাদের সাথে সাংগঠনিক সম্পর্ক না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এদিকে বিষয়টি নিশ্চিত করেছেন, চাঁদপুর জেলা যুবদলের সভাপতি অ্যাডভোকেট নুরুল আমিন খাঁন আকাশ। তিনি তাঁর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে হাজীগঞ্জ পৌর যুবদলের যুগ্ম আহবায়ক জহির আহমেদ জহিরের বহিস্কারাদেশ এর প্রেস বিজ্ঞপ্তিটি পোস্ট করেন।

তিনি তাঁর পোস্টে উল্লেখ করেন, বিএনপির আদর্শ ও নীতির পরিপন্থী কাজ থেকে সাবধান। আমরা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সৈনিক। আপোষহীন নেত্রী খালেদা জিয়ার আদর্শকে ধারণ করে তারেক জিয়ার সবার আগে বাংলাদেশ এর কর্মী। আমরা জাতীয়তাবাদী যুবদল। ধন্যবাদ কেন্দ্রীয় যুবদলের সম্মানিত সভাপতি আব্দুল মোনায়েম মুন্না এমপি ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নুরুল ইসলাম নয়ন এমপি।

পুলিশে নতুন ১৪

নতুন অনুমোদিত ৪ হাজার এসআই (নিরস্ত্র) পদ জাতীয় বেতন স্কেলের গ্রেড-১০-এর অন্তর্ভুক্ত। এ পদের বেতন স্কেল ৩২ হাজার থেকে ৭৭ হাজার ৩০০ টাকা। পুলিশ রেগুলেশনস অব বেঙ্গল অ্যাক্ট, ১৯৪৩ অনুযায়ী এসব পদ পূরণ করা হবে।

অন্যদিকে ১০ হাজার কনস্টেবল পদ গ্রেড-১৭-তে সৃজন করা হয়েছে। এ পদের বেতন স্কেল ২১ হাজার ৪০০ থেকে ৫১ হাজার ৯০০ টাকা। নিয়োগের যোগ্যতা হিসেবে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিকভাবে সক্ষম হওয়ার শর্ত নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে পুলিশ রেগুলেশনস অব বেঙ্গল অ্যাক্ট, ১৯৪৩ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৯৯০ সালের ৭ মে জারি করা নির্দেশনা অনুসরণ করতে হবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নথি অনুযায়ী, ৪ হাজার এসআই পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ৩ আগস্ট সম্মতি দেয়। অর্থ বিভাগের সংশ্লিষ্ট শাখাগুলো ৫ ও ৮ অক্টোবর এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা ৫ নভেম্বর এ বিষয়ে সম্মতি প্রদান করে। একইভাবে ১০ হাজার কনস্টেবল পদ সৃজনের ক্ষেত্রেও সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের প্রয়োজনীয় সম্মতি নেওয়া হয়েছে।

এদিকে, কনস্টেবল নিয়োগের একটি কার্যক্রম ইতোমধ্যে চলমান রয়েছে। গত ৯ অক্টোবর প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে এ প্রক্রিয়া শুরু হয়। ৩০ অক্টোবর আবেদন গ্রহণ শেষ হয়েছে। পুলিশ সদর দফতরের তথ্য অনুযায়ী, ওই বিজ্ঞপ্তির বিপরীতে সারা দেশ থেকে ১ লাখ ২ হাজার ৬৯৪ জন চাকরিপ্রার্থী আবেদন করেছেন। চলমান নিয়োগ প্রক্রিয়ায় আগে থেকে শূন্য থাকা ২ হাজার কনস্টেবল পদের পাশাপাশি নতুন অনুমোদিত ১০ হাজার পদের মধ্য থেকে আরো ৪ হাজার পদ অন্তর্ভুক্ত করে মোট ৬ হাজার কনস্টেবল নিয়োগের পরিকল্পনা রয়েছে। অবশিষ্ট ৬ হাজার পদ পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে পূরণের সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে নতুন সৃজিত ৪ হাজার এসআই পদে সরাসরি নিয়োগের প্রস্তুতি নেয়া হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। তবে এ নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন গ্রহণ ও পরীক্ষার সময়সূচি সম্পর্কে আনুষ্ঠানিক ঘোষণা এখনো দেয়া হয়নি।

পুলিশ বাহিনীর মাঠপর্যায়ের কার্যক্রমে কনস্টেবল ও এসআই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কনস্টেবলরা আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ ও জননিরাপত্তা নিশ্চিত করার কাজে নিয়োজিত থাকেন। অন্যদিকে এসআইরা অপরাধ তদন্ত, মামলা-সংক্রান্ত কার্যক্রম, আসামি গ্রেফতার এবং মাঠপর্যায়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করেন।

সংশ্লিষ্টরা মনে করছেন, নতুন ১৪ হাজার পদে নিয়োগ সম্পন্ন হলে পুলিশের জনবল সঙ্কট মোকাবেলা, অপরাধ নিয়ন্ত্রণ এবং জনগণকে পুলিশি সেবা দেয়ার সক্ষমতা বাড়বে। বিশেষ করে মাঠপর্যায়ে পুলিশি কার্যক্রম আরো গতিশীল করার ক্ষেত্রে এ নিয়োগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

গজরা ইউনিয়নকে মাদকমুক্ত

বিষয়টিও গুরুত্ব পেয়েছে। তিনি একটি সুন্দর, নিরাপদ ও শিক্ষাবান্ধব সমাজ গঠনের প্রত্যাশা ব্যক্ত করেছেন। বিশেষ করে তরুণ প্রজন্মকে মাদক থেকে দূরে রেখে শিক্ষা, নৈতিকতা ও সামাজিক মূল্যবোধে উদ্বুদ্ধ করার বার্তা দিয়েছেন। ইঞ্জি. মোহাম্মদ তাজুল ইসলাম বলেন, গজরা ইউনিয়নকে একটি উন্নত ও আদর্শ ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে আমি আপনাদের সহযোগিতা, দোয়া ও সমর্থন প্রত্যাশা করি।

কচুয়ায় নিষিদ্ধ আ'লীগের ৪

এর অঙ্গসংগঠনের ৪ নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা রয়েছে। গ্রেফতারকৃতদের চাঁদপুরের বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে।

তিনি আরও জানান, অপরাধ দমন ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

শাহরাস্তি প্রেসক্লাবের

মুছা আল শিহাব। প্রেসক্লাবের কার্যনির্বাহী সদস্য ফয়েজ আহমেদের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন প্রেসক্লাবের সাবেক সভাপতি ফারুক আহমেদ চৌধুরী, সহ-সভাপতি স্বপন কর্মকার মিঠুন, সাধারণ সম্পাদক কামরুজ্জামান সেন্টু, যুগ্ম সাধারণ সম্পাদক জামাল হোসেন ও সাংগঠনিক সম্পাদক মহি উদ্দিন।

উদ্বোধনী বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুন ক্রীড়া উৎসবের সফলতা কামনা করে বলেন, সাংবাদিকদের এমন ঐক্যবদ্ধ উপস্থিতি দেখে ভালো লাগছে। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি খেলাধুলার এ আয়োজন প্রশংসনীয় উদ্যোগ। তিনি এ আয়োজনের পাশে থেকে সর্বাত্মক সহযোগিতার চেষ্টা করবেন বলেও আশ্বাস দেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে দাবা খেলার মধ্য দিয়ে মাসব্যাপী ক্রীড়া উৎসবের মূল প্রতিযোগিতা শুরু হয়। প্রথম দিনের প্রতিযোগিতায় অংশ নেন সাংবাদিক আবু মুছা আল শিহাব, রকি চন্দ্র সাহা, হাসান আহমেদ, মহি উদ্দিন, জসিম উদ্দিন ও হানিফ মিয়াজী।

অনুষ্ঠানের শেষ পর্বে অতিথিদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন প্রেসক্লাব নেতৃবৃন্দ। মাসব্যাপী এ ক্রীড়া উৎসবে প্রেসক্লাবের সদস্যদের অংশগ্রহণে বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

ফরিদগঞ্জে আম্বিয়া-ইউনুছ

করেন আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও বিশিষ্ট সমাজসেবক মোতাহার হোসেন পাটওয়ারী, ফরিদগঞ্জ পৌরসভার সাবেক মেয়র মো. মঞ্জিল হোসেন, ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম ভূঁইয়া, আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের উপদেষ্টা ও বিশিষ্ট রাজনীতিবিদ মাহবুবুল আলম বাবুল, সাইদুর রহমান পাটওয়ারী, হারুনুর রশীদ, সিরাজুল ইসলাম পাবক ও মো. আব্দুল মতিন।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মোতাহার হোসেন পাটওয়ারী বলেন, "শিক্ষার্থীদের মেধার বিকাশ, পড়াশোনার প্রতি আগ্রহ সৃষ্টি এবং প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তুলতেই আমাদের এ মেধাবৃত্তি পরীক্ষার আয়োজন। আমরা চাই, প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীরাও তাদের মেধা ও যোগ্যতা বিকাশের সুযোগ পাক। আশা করছি ভবিষ্যতে ধারাবাহিকভাবে এ আয়োজন অব্যাহত থাকবে।"

তিনি আরও বলেন, "এবারের মেধাবৃত্তি পরীক্ষার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সঙ্গে ফরিদগঞ্জ উপজেলার এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ অর্জনকারী শিক্ষার্থীদেরও সংবর্ধনা দেওয়া হবে। শিক্ষার্থীদের ভালো ফলাফল ও সাফল্যকে স্বীকৃতি দিতে এবং অন্যদের অনুপ্রাণিত করতেই আমাদের এ উদ্যোগ।"

আম্বিয়া-ইউনুছ ফাউন্ডেশনের এ মেধাবৃত্তি পরীক্ষা উপজেলার শিক্ষার্থীদের মেধা বিকাশ, প্রতিযোগিতামূলক মনোভাব তৈরি এবং পড়াশোনায় উৎসাহিত করার লক্ষ্যে আয়োজন করা হয়। বিপুলসংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণে এবারের পরীক্ষাও শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষানুরাগীদের মধ্যে আগ্রহ সৃষ্টি করেছে।

কচুয়ায় কিন্ডারগার্টেন

সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা মাধ্যমিক শিক্

ক্রোড়পত্র



আহমাদ আলী পাটওয়ারী ওয়াকফ এস্টেট, হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদ কমপ্লেক্স, হাজীগঞ্জ, চাঁদপুর

যে নিজে দুর্নীতিবাজ, সে অন্যকে সৎ ভাবতে পারেনা

"সততাই আমার শক্তি"

দলের সহ-সভাপতি, মেয়র পদে প্রার্থীতার বিষয়ে দলের সমর্থন যেন না পাই, সে লক্ষে আমাকে এবং আমার পুরো পরিবারবর্গকে জেল হাজতে প্রেরণ করে ঘৃণিত করা এবং প্রতিষ্ঠানিক দায়িত্ব থেকে বে-আইনীভাবে সরিয়ে দেয়ার প্রাসঙ্গিকতা

না বলা কথা

সম্মানীত সুধী, শুভ কামনা রইলো। বিনা অপরাধে চক্রান্তকারী এবং দুর্নীতিবাজদের আস্ফালনে আজ আমি এবং আমার পরিবার পরিজন জুলুমের শিকার। কোথায়, কাকে, কি বলবো ? বিচারের বাণী নীরবে, নিভৃতে কাঁদে। রবি ঠাকুরের "সামান্য ক্ষতি" কবিতার কথাই মনে পড়ে। অন্যায় ভাবে জ্বালিয়ে পুড়িয়ে ক্ষত-বিক্ষত করছে। বানোয়াট মিথ্যাচারের গল্প ছড়িয়ে মূলোৎপাটনের চেষ্টা করছে। অন্যায় ভাবে স্বার্থান্বেষী মহল প্রতিনিয়ত আমাকে একটার পর একটা মামলার জালে আবদ্ধ করছে। ব্যথা জানানোর ভাষা নেই। আমি সাহিত্যিক নই। তাই, কি ভাবে ব্যক্ত করলে জুলুমের কষ্ট বুঝাতে পারবো তাও জানি না। যাদের একদিন বেঁচে থাকার উপকরণ যোগাতে কষ্ট হতো। তাদেরকে কাজ দিয়ে, সুযোগ-সুবিধা দিয়ে, জীবনে ভদ্র ভাবে বেঁচে থাকার সুযোগ করে দিয়েছিলাম, তাদের বেঈমানী আমাকে হতবাক করেছে। মানুষ এমনও হয় ? কলিজা ভূনা করে দিলেও বলে লবন কম হইছে।

ইতিহাস সাক্ষী, ইংরেজ বেনিয়ারা বাংলার "মীর জাফর চক্রকে" হাতে নিয়ে, নবাব সিরাজ উদ-দৌলাকে পরাস্ত করে। কিন্তু দিন শেষে নবাব সিরাজ উদ-দৌলার কোন ক্ষতি হয়নি, ক্ষতি হয়েছে বাংলার। আরো বেশি সুখ দেবে বলে যারা ষড়যন্ত্র করে বাংলার সুখ শান্তি কেড়ে নিয়েছিলো। তারা সবাই কলঙ্কের ইতিহাসে স্থান পেয়েছে। আগের সুখ শান্তি আর খুঁজে পায় নি। যারা ভালো থাকবে বলে মনে করেছে, তারা ইতিহাসের আস্তাকুড়ে মীর জাফরের পাতায় নাম লিখিয়েছে। ইংরেজ বেনিয়ারাসহ চক্রান্তকারীরা ইতিহাসের আস্তাকুড়ে কলঙ্কের দায় নিয়ে চিহ্নিত হয়ে আছে। কলঙ্কের ইতিহাসে মীর জাফররা থাকবে শতাব্দীর পর শতাব্দী। ইতিহাস কাউকে ক্ষমা করে না। পরের জন্য গর্ত খুঁড়লে, সেই গর্তে নিজেই পড়ে। সময়ের অপেক্ষা মাত্র। ইতিহাস স্বাক্ষী। মানুষ-শেষ দেখতে পারে না। শেষ দেখার ক্ষমতা একমাত্র আল্লাহর। "শেষ দেখে ছাড়বো" মানুষ বলতে পারে না। অহংকার, ক্ষমতার দাম্ভিকতার শেষ দেখা হয় ইতিহাসে কলঙ্কের পাতায়। দাম্ভিকতা নয়, নম্রতাই জীবন। এখতিয়ার বর্হিভূত কিংবা "ভুল ট্রেনে চড়ে অকারণে সময় নষ্ট না করে, নিকটতম স্টেশনে নেমে যাওয়া বুদ্ধিমানের কাজ।

ইতিহাস কথা বলবে

হযরত মকিমউদ্দিন (রহ:) শপিং সেন্টার। মাত্র ৮ শতাংশ জায়গা ছিলো মসজিদের, বাকী ২২ শতাংশ অন্য মালিকানাধীন। ছিলো নিম্নভূমি। জমির ১ম অংশের মালিক মরহুম হুমায়ুন ভাই আমাকে নিজের নামে জায়গা কেনার জন্য বলেছিলেন। কিন্তু আমি তা না করে, কিনেছি মসজিদের নামে। আজ মিথ্যা প্রচারে মনে হয়, নিজের নামে না কেনাটা আমার ভুল ছিলো। হাজীগঞ্জে তখন, বালুর ব্যবসা ছিল না। তাই চাঁদপুর থেকে বালুর ব্যবস্থা করার পর ট্রাক যোগে ক্যারিং করে নিম্নভূমি ভরাট করি। এখানে সেমিপাকা ঘর করে ভাড়ার ব্যবস্থা করি। ১০ বছর পরে এই ঘরগুলোর পরিবর্তে বহুতল ভবন নির্মাণের ব্যবস্থা করেছি। সামর্থ্যের বাইরে গিয়ে মকিমউদ্দিন শপিং সেন্টার "হ্যালিপ্যাডসহ ১২ তলা" পর্যন্ত কাজ করা ঠিক হয় নি। না করলে ষড়যন্ত্রকারীরা এত সমস্যায় ফেলতে পারতো না। আমার বাড়ি এবং জমি, দেনার দায়ে বিক্রয় করতে হতো না। বসত বাড়ি বন্ধক থাকতো না। আজ যারা আমাকে এবং আমার সন্তানদেরকে একটার পর একটা সাজানো মামলায় জেল-হাজতে পাঠাচ্ছে। তারাও এতো সুযোগ পেতো না। ৫ম তলা পর্যন্ত নির্মাণ করাই ভালো ছিলো।

পরিবেশ বান্ধব হলো ব্লকের ইট। রড, সিমেন্ট, বালু এবং ফেয়ার ফেইস ঢালাই দিয়ে ভবন করতে গিয়ে উঁচু মানের নির্মাণ সামগ্রীর ব্যবহারে গুণগত মান শতভাগ রক্ষা করি। ১০০% কাজের মধ্যে ১০০%ই দুর্নীতিমুক্ত কাজ করেছি। দীর্ঘস্থায়ী মজবুত স্থাপনার জন্য দ্রব্য সামগ্রী প্রয়োজনীয় পরিমানের চেয়ে বেশি ব্যবহার করি। ০% (শূন্য শতাংশ) ও দুর্নীতি হতে দেই নি। যতটুকু করেছি ততটুকুই সেরা মানে গড়ে তুলেছি।

আজ যারা আমাকে কলঙ্কিত করার চেষ্টা করছেন, তারা জীবনে একটি কাজও দুর্নীতিমুক্ত করতে পারেন নি। মান যাচাইয়ে কাজের মালামাল ইট, বালু, রড, সিমেন্ট পরিমানের চেয়ে তারা সকল কাজে কম ব্যবহার করেছেন। তাদের কাজ এবং আমার কাজের মধ্যে তুলনামূলক বিচার করে দেখুক অনুরোধ রইলো। স্টাফ-কর্মচারী যারা আমাকে চক্রান্তকারীদের চক্রের জালে ফেলতে উঠে পড়ে লেগেছেন, তারা তাদের বেতনের টাকায় কিংবা শুধু ঠিকাদারীর লাভের টাকায় তাদের শান-শওকাতের ঘর বাড়ি, ব্যবসা, সম্পদ-সম্পত্তি, দেশে বিদেশে ব্যবসা-বানিজ্য, করার কথা নয়। তাদের এতো অর্থ বিত্তের উৎস কোথায় থেকে এলো ? আর আমি দুই প্রতিষ্ঠানে যুগের পর যুগ প্রধান হিসেবে দায়িত্ব পালন করলাম। এতো উন্নয়ন করেছি। আমার ঘর-বাড়ি, সম্পদ-সম্পত্তি তাদের তুলনায় কতটুকু ? তার বিচার দিয়ে গেলাম। অনেকে সুযোগের অভাবে সৎ। আর আমি মেধা খাটিয়ে সুযোগ সৃষ্টি করেছি। সুযোগের মধ্যেই আমি সৎ ছিলাম এবং আছি। সততাই আমার শক্তি।



আমি সরকারি অর্থ ছাড়া এমনকি প্রতিষ্ঠানের অর্থ ছাড়া নিজস্ব বুদ্ধিমত্তা পুরস্কৃত হন। সমাজ রাষ্ট্রের উন্নয়নে তাদের অবদান কতটুকু ? আর আমার অবদান কতটুকু ? দয়া করে তুলনা করে দেখবেন।

আমার শিক্ষা এবং শিক্ষকতা বাদই দিলাম। ৬০ বছর পর শিক্ষা সনদের চেয়ে মূল্যবান হচ্ছে সমাজ থেকে অভিজ্ঞতার নির্যাস নিয়ে অর্জিত অভিজ্ঞতার ভিত্তিতে আলোকিত সনদ। স্ব-শিক্ষা। আমার কর্মের মূল্যায়নে, গ্রামীণ সমাজের মানুষের উন্নয়নে ধর্ম-কর্ম, শিক্ষা-দীক্ষা, বিনিয়োগ, কর্মসংস্থান এবং সেবা ধর্মী প্রাতিষ্ঠানিক কাজে আমার ত্যাগ এবং অবদান। আছে কিনা ? যদি থাকে, তবে যারা জাতীয় পর্যায়ে পুরস্কৃত হন তাদের তুলনায় আমি কি পেলাম ?

আমি পেয়েছি দুর্নীতিবাজদের সম্মিলিত প্রচেষ্টায়, আমাকেও তাদের কাতারে সামিল করার জন্য বে-আইনী প্রচেষ্টা। আমাকে কলঙ্কিত করে জেল হাজতে পাঠানোর জন্য সিরিজ মামলা। সামান্য মেয়র নির্বাচনে প্রার্থীতা ঘোষণাই আমার জীবনের জন্য কাল হয়ে দাঁড়িয়েছে। আমাকে এতটুকু স্থান দিতে চায় না। আমাকে সমাজের চোখে ঘৃণিত করে মেরে ফেলার মতো ষড়যন্ত্র করছে। আর তাই উপরের কথাগুলো এ ভাবে উপস্থাপন করতে বাধ্য হলাম বলে আন্তরিক ভাবে দুঃখীত। ক্ষমা করবেন। মেরে ফেললে বলবে কে ? তাই একটু ইঙ্গিত দিয়ে গেলাম। ইতিহাস কথা বলবে।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

ধ্বংস করা সহজ-সৃষ্টির বেদনা অনেক কঠিন এবং যন্ত্রনাদায়ক।

"শত্রু বানানোর জন্য-কারো ক্ষতি করতে হয় না।
আপনি ভালো কাজ করুন-এমনিতেই শত্রু তৈরী হয়ে যাবে"।

"দাতার হাত থাকে উপরে, তাই সে হাত সম্মানের"

যারা নিজের সম্পদ সম্পত্তি দ্বীন দুনিয়া তথা মানবের কল্যাণে দান বা উৎসর্গ করেন তারা যে কোন বিবেচনায় ঐ সমাজের সর্বোত্তম সম্মানীত ব্যক্তি। হিংসা নয়, বিদ্বেষ নয়, যদি পারি নিজের বা নিজেদের সম্পত্তিকে মানুষের কল্যাণে উৎসর্গ করে ইতিহাস সৃষ্টি করি। আল্লাহর পক্ষ থেকে পুরষ্কার নিশ্চিত।

আল্লাহ আমাদেরকে সঠিক কাজ করার, সঠিক বিষয় বুঝার এবং সঠিক কথা বলার তৌফিক দান করুন। আমিন।

অনুমান আর বাস্তবতা
=
এক নয়।

বলতে গেলে-জানতে হবে।

দানের টাকায়
মসজিদের নিত্যদিনের ব্যয় চলে না।

মসজিদের দানের টাকায়
কোন মার্কেট নির্মিত হয় নাই।

এতটুকুও বলতে চাই না। কিন্তু বলতে হলো। তাই দুঃখিত।
দেশের নির্বাচনকে কেন্দ্র করে, জনমতকে বিভ্রান্ত করার জন্য বিভিন্নমুখী চক্রান্ত সৃষ্টি করে দেওয়ার জন্য গভীর ষড়যন্ত্র!!! এবং আমার পরিবারকে কেন্দ্র করে দেওয়ার জন্য
কিন্তু কেন?

এমনকি সরকারি টাকায়ও নয়। সুদূর প্রসারি উদ্ভাবনী চিন্তা চেতনায়, টেকসই কার্যক্রম বাস্তবায়নের মধ্য দিয়ে সকলের সহযোগিতায়, বিনিয়োগের আগমন এবং উন্নয়নের গতিধারায় হাজারো মানুষের কর্মসংস্থানে-

হাজীগঞ্জ আজ-আধুনিক হাজীগঞ্জ।

"হাজীগঞ্জ"নামটি মুসলিম বিশ্বে পরিচিত হয়েছে, হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদের কারনে।
এ গৌরব হাজীগঞ্জ বাসীর।

প্রতিষ্ঠাতা, ওয়াক্বীফ এবং মোতওয়াল্লী আহমাদ আলী পাটওয়ারী (রহ:)সহ তাঁর স্থলাভিষিক্ত পর্যায়ক্রমিক বংশধর মোতওয়াল্লীগণ সুদূর প্রসারী চিন্তা চেতনা এবং সাধনায়, উদ্ভাবিত টেকসই কার্যক্রম বাস্তবায়ন করতে গিয়ে অনেক বাধা বিপত্তি, অপপ্রচার, অপবাদ, মিথ্যাচার এবং প্রতিহিংসাপরায়নদের হিংস্র থাবার আঁচড়ে রক্তক্ষরণ হয়েছে বার বার। এরই মধ্যে আল্লাহর মেহেরবানিতে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে, প্রাণ প্রিয় প্রতিষ্ঠানটিকে গৌরবোজ্জল স্থানে অধিষ্ঠিত করতে সক্ষম হয়েছি- ইনশাআল্লাহ। এটি আজ অত্র অঞ্চলের ব্র্যান্ড। আলহামদুলিল্লাহ।।

আল্লাহর বিশেষ রহমতে আপনাদের সকলের দোয়া, সহযোগিতা এবং ভালোবাসায় ধর্ম-কর্ম, শিক্ষা-দিক্ষা, বিনিয়োগ ও কর্মসংস্থানের গতিধারায়, সম্প্রীতির হাজীগঞ্জে, মানুষের কর্মসংস্থানের ফলে- সম্পদ- সম্পত্তি এবং মাটির মূল্য বেড়েছে অনেক। মানুষের জীবন যাত্রার মানও বেড়েছে। আরো বাড়বে, ইনশাআল্লাহ। আল্লাহ আমাদেরকে ছহি বুঝ দান করুন, সবাইকে হেফাজত করুন। আমিন।

আপনাদের স্নেহধন্য- মো: আলমগীর কবির পাটওয়ারী (মেয়র প্রার্থী- হাজীগঞ্জ পৌরসভা), হাজীগঞ্জ, চাঁদপুর ২৪/০৯/২০২৬।

সময়ই উত্তম বিচারক

অনুমান আর বাস্তবতা এক নয়। বলতে গেলে জানতে হবে। আমরা আল্লাহর বান্দা। বন্দেগী আমাদের করতেই হবে। এটা একান্তই নিজের জন্য। নিজের স্বার্থে। বন্দেগী না করলে আল্লাহ পাকের ক্ষতি নেই। আর সমবেত বন্দেগীর স্থান হচ্ছে মসজিদ। মসজিদ আল্লাহর ঘর, বেহেস্তের বাগান, মসজিদ, মাদ্রাসার শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় পবিত্র কাজের দায়িত্ব হচ্ছে - সৌভাগ্যের। দুনিয়া এবং আখিরাতের জন্য কল্যাণময়। মসজিদের পরিচালনা ব্যয় বা সেবা কার্যক্রম মিটাতে গিয়ে "আল্লাহর ওয়াস্তে দান" করুন। "আল্লাহর সম্মানের দোহাই দিয়ে' বা 'আল্লাহর খাতিরে' মসজিদে দান বা সাহায্য। চাইতে হবে কেনো ? তাই "দান বাক্স" এর প্রতি নির্ভরশীলতা পরিহার করার লক্ষ্য নিয়েছি। যার কারণে স্থায়ী আয়ের বিকল্প ব্যবস্থা, সৃষ্টি করার লক্ষ্যে বহুতল মার্কেট ভবন নির্মাণ এর কাজ শুরু করেছি। ঘর ভাড়া প্রাপ্তির কারণে, কমপ্লেক্সে সেবার মান বর্তমান পর্যায়ে পৌছেছে। বিশাল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ হাজীগঞ্জে বিনিয়োগ বেড়েছে অনেক। যার প্রেক্ষিতে অনেক জেলা শহরকে ছাড়িয়ে গেছে "হাজীগঞ্জ"। উন্নয়ন এবং কর্মসংস্থানের ধারাবাহিকতায় সমৃদ্ধির গতি বেড়েছে। চাঁদপুর জেলার বানিজ্যিক কেন্দ্রের মর্যাদায় সমাদ্রিত হাজীগঞ্জ। হাজীগঞ্জ ধন্য - হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদের জন্য।

মসজিদ কমপ্লেক্সের স্থায়ী আয় বৃদ্ধির কথা মাথায় নিয়ে ৫ তলা ভবন পর্যন্ত বিজনেস পার্ক নির্মাণ করলে পারতাম। ভবিষ্যতের কথা মাথায় নিয়ে স্থায়ী আয় বৃদ্ধির ব্যবস্থা নিশ্চিত করতে গিয়ে ৫ তলা পর্যন্ত নির্মাণ সীমাবদ্ধ না করে ধার-দেনা, ঋণ-কর্য করে "হ্যালিপ্যাডসহ ১২ তলা" পর্যন্ত ঢালাই এর কাজ শেষ করি। পরিকল্পনা মোতাবেক বরাদ্দ দেয়া শেষ করতে পারলে "গ্রাম হবে শহর"। ঢাকার সুবিধা হাজীগঞ্জে। ভবনের নির্মাণ কাজ চলমান, ভাগ্যের নির্মম পরিহাস। হঠাৎ নেমে এলো দুর্যোগ। কোভিড-১৯ করোনা ভাইরাসের কারণে, সব চিন্তা চেতনা থমকে গেলো, ওলট-পালট হয়ে গেলো অর্থনৈতিক সকল কর্মকান্ড। শুধুমাত্র বাংলাদেশেই নয়, সারা বিশ্বেই অর্থনৈতিক মন্দার ঝাঁকুনিতে বিপর্যস্ত হয়েছে। নির্মাণাধীন ভবনে যারা বরাদ্দ নিয়েছেন তাদের কাছ থেকে নেওয়া পজেশন সালামীর টাকা ভবন নির্মাণের কাজে লাগানো হয়েছে। দোকানঘর এবং স্পেস তৈরী করে চুক্তিপত্র সম্পাদন



করে কক্ষ বুঝিয়ে দিয়েছি। অথচ অর্থনৈতিক মন্দায় ব্যবসা না করতে পেরে, অনেকেই দোকান চালু না করে, টাকা ফেরত নিতে চাপ দেয়া শুরু করে। টাকা ফেরত দেবো কোথায় থেকে ? টাকাতো ভবনের নির্মাণ কাজে লাগানো হয়েছে। তারপরও যতটা সম্ভব আলোচনা করে এস্টেটের অন্যান্য ব্যয় বা খরচ কমিয়ে, নিজের ব্যক্তিগত সম্পদ বিক্রয় করে অর্থনৈতিক টানাপোড়নের মধ্যেও কিস্তি করে টাকা ফেরত দিতে বাধ্য হয়েছি, দিয়ে যাচ্ছি। এমতাবস্থায় ধার-কর্য, করে কয়েক কোটি টাকা ফেরত দেওয়া কতোটা কষ্টকর ? তা বলে বুঝানো যাবে না। যারা ভবন করেছেন ভুক্তভোগী ছাড়া অন্যরা বুঝার কথা নয়। বুঝবেনও না। এ বিষয়ে কবি কৃষ্ণ চন্দ্র মজুমদারের একটি বিখ্যাত কবিতার অংশ বলতে হয় -"কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে ? কভু আশীবিষে দংশেনি যারে"।

১২ তলা নির্মিতব্য ভবনের উপরের দিকে ভাড়া দেওয়া এবং নেওয়া, ব্যবসা বান্ধব নয়। বাজারের উপর বাসা নির্মাণ করলে, খরচের তুলনায় ভাড়া তেমন পাওয়া যায় না। এসব দিক চিন্তা করে ভবনের উপরের দিকে আধুনিক মানের হাসপাতাল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করি। হাজীগঞ্জ ধর্ম-কর্ম, শিক্ষা-দীক্ষার ন্যায় স্বাস্থ্য সেবার লক্ষ্যকে মাথায় নিয়ে অত্র অঞ্চলের সেরা মানের হসপিটাল বানাতে চেয়েছিলাম। একটা গভীর ষড়যন্ত্র এবং দ্বায়িত্বশীলদের অনৈতিক কর্মকান্ড এবং বিশেষ চক্রান্তের কারণে মডেল হসপিটাল এর স্বপ্ন বাস্তবায়ন বাধাগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ হয়েছি। মান সম্পন্ন চিকিৎসা সেবার প্রতিষ্ঠান এর উদ্যমকে থামিয়ে দিয়েছে। সময় দিয়েছি। এক টাকা সম্মানী নেই নি। যারা ক্ষতি করেছে তারা সকল সুবিধা হাতিয়ে নিয়েছে। হসপিটালের এ ক্ষতি কার ক্ষতি ? হসপিটালে বিনিয়োগকারীদের এক টাকাও আমি আমার ছেলেরা বেতন বা সম্মানী বাবদ গ্রহণ করি নাই। সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে করা হয়েছে। হসপিটালের কাজের সাথে টাকার একটি অংশ ভবনের কাজে লাগিয়েছে। ওয়াক্ফ এস্টেটের ভাড়ার টাকার সাথে যা সমন্বয় করার কথা। কিন্তু কতো টাকা ? হিসাব করলে বেরিয়ে আসবে।

ডিসেম্বর ২০২৩ মডেল হসপিটাল চালু হলো। হসপিটালে প্রথম মাসে বড় অংকের টাকা লাভ হলো কিন্তু ২য় মাস থেকে হসপিটাল ব্যবসায় লোকসান! কিন্তু তা হওয়ার কথা নয়। হিসাবরক্ষকসহ ও সংশ্লিষ্ট স্টাফদের কাছে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত হিসাব চেয়ে ০৮/০২/২০২৪ তারিখে পত্র দিলাম। হিসাব চাওয়াকে কেন্দ্র করে হিসাবরক্ষক, ঠিকাদার হিসাব দিতে ব্যর্থ হলো। ঠিকাদার যত টাকার কাজ করেছে, তত টাকার ব্যাংক চেক মোতাবেক টাকা উত্তোলন করেছে। কাজ এবং ব্যাংক থেকে টাকা উত্তোলন, এ দুইয়ের মধ্যে- যদি কাজ বেশি করে থাকে, টাকা পাবে মর্মে কাজের হিসাব বুঝিয়ে দিয়ে টাকা নিয়ে যাবে। যদি কাজের চেয়ে টাকা বেশি নেয়, তাও হিসাব বুঝিয়ে দিয়ে বাকী কাজ করে দেবে। অপপ্রচার, মিথ্যাচার, মামলা মোকদ্দমার কিছু আছে কি ? যদি না থাকে, তবে কাদের প্ররোচনায় এসব মিথ্যাচার করে মামলা করছে। অথচ হিসাব চাওয়ার পর হিসাব রক্ষক হিসাব না দিয়ে অসুস্থতার ভান করলো। লিটন পদত্যাগ পত্র দিলো। উত্তরে বলা হলো, হিসাব বুঝিয়ে না দিয়ে পদত্যাগ করা যাবে না। হিসাব দেওয়ার পর পদত্যাগের বিষয়টি বোর্ড মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী বিবেচনা করা হবে। মিজান আজ পর্যন্ত হিসাবই দিলো না। মাসুদ অটো গ্লাস ডোর দিলো কিন্তু এক মিনিটের জন্য গ্লাস অটো হলো না। নিম্ন মানের কাজ দিয়ে মসজিদ ফান্ডের টাকা নিতে চাইলো। এখন মামলা করলো। আর লিটন ভাউচারে অতিরিক্ত টাকা তুলে নিলো। মামলা করলো। পি.বি.আই এর তদন্তে চক্রটি দোষী হলো। প্রভাব প্রতিপত্তি খাটাচ্ছে। মিথ্যাচার করছে। দূরত্ব সৃষ্টি হলো।

যাদেরকে দুর্দিনে চাকরি দিলাম, কাজ করার সুযোগ চাইলো, তাই কাজ দিলাম। লুঙ্গি পরতো,প্যান্ট পরালাম, মর্যাদার চেয়ার দিলাম। যদিও এ বিষয়ে কয়েকজন ঘোর আপত্তি করেছিলো। এখন বুঝলাম অযোগ্য ব্যক্তিকে চেয়ার দেওয়া ঠিক হয়নি। ওনাদের আপত্তি ঠিকই ছিলো। এখন অন্যায় ভাবে মামলাও করছে। কাজ দিলাম। লক্ষ লক্ষ টাকা লাভ করলো। চুরির ভাউচার পাওয়া গেলো। কতোটা অকৃতজ্ঞ হলে মানুষ এ রকম করতে পারে। চোখে লজ্জাটুকু নেই। ভাবতেও অবাক লাগে। হিসাব চাইলাম, মসজিদের টাকা। হিসাব না করে টাকা চাইলেই দিয়ে দেয়া যাবে না। হিসাব দিক। মামলা কেনো ? এসব কে, কার স্বার্থে করাচ্ছে ? জীবনে এক কাপ চা তাদের কাছ থেকে খেলাম না। হিসাব না দিয়ে ষড়যন্ত্র শুরু করে দিলো। ১০ বছর পূর্বেকার চেকের পাতা কোথায় পেলো ? ১ কোটি ৬০ লক্ষ টাকার ব্যক্তিগত কাজ কবে, কোথায় করেছে ? কতো বড় ষড়যন্ত্র!

মালিক বনাম স্টাফ এই দূরত্ব জোড়া না দিয়ে, চক্রান্তকারীরা দূরত্ব আরো বাড়িয়ে দিলো। সামান্য সমস্যাকে মহাসংকটের দিকে নিয়ে যেতে শুরু করলো। অভ্যন্তরীন ও বাহ্যিক সমস্যা হসপিটালে বিনিয়োগকারীগনের মধ্যে বিরুপ প্রভাব এক পর্যায়ে যারা টাকা ফেরত নিতে চাইলেন তাদেরকে লোকসানের এক টাকাও কম না দিয়ে, পুরো টাকা কিস্তি করে পর্যায়ক্রমে ফেরত দিয়ে যাচ্ছি। ব্যক্তিগত সম্পত্তি বিক্রয় করে দিয়েছি। অথচ, আমার প্রতিপক্ষ চক্রান্তকারীরা তাদেরকে হাতে নিয়ে শক্তি, সাহস পৃষ্ঠপোষকতা দিতে শুরু করলো। সমাধানের পথে না হেটে বিষয়টিকে মহাসংকটের দিকে ঠেলে দিলো। তেলের সাথে ঘি ঢালা শুরু করলো। বুঝতে শুরু করলাম। কিন্তু কেনো ? কার স্বার্থে ?

বিষয়টি স্পষ্ট হয়ে উঠলো - আমি মেয়র নির্বাচনে প্রার্থী হওয়া থেকে সরিয়ে রাখার লক্ষ্যে, চক্রান্তকারীরা আমার স্টাফ কর্মচারী এবং ঠিকাদার চক্রকে হাতে নিয়ে ষড়যন্ত্রের ফাঁদ পেতেছে, ওদেরকে সকল ধরণের পৃষ্ঠপোষকতা দিয়ে "আমাকে নির্বাচনের মাঠে থাকতে দেবে না"। "একটার পর একটা মামলা দিয়ে জেলে রাখবে"। এমন কি "নারী গঠিত" বানোয়াট মামলায়ও জড়াতে পারে মর্মে আভাস পেলাম। "কোন ভাবেই নির্বাচন করতে পারবো না"। প্রার্থী হতে পারলেও "কেন্দ্র দখলে নেওয়ার জন্য" যা করা দরকার তাই করবে। প্রতিপক্ষদেরকে আস্বছ্ব করে, প্রভাব খাটিয়ে, তাদেরকে আশ্রয়-প্রশ্রয় দিয়ে নতুন নতুন পক্ষ যুক্ত করা শুরু করলো। বানোয়াট অভিযোগ দিয়ে জোর তদবির করে। দশ দিক থেকে চক্রান্তের জালে শুধু আমাকেই নয়, পুরো পরিবারকে আটকানোর কর্মসূচিতে চক্রটি কাজ করছে। প্রশাসনের উপর বে-আইনী প্রভাব খাটাচ্ছে। প্রশাসন বিরক্ত।

এমনকি বিভিন্ন দপ্তরে কাল্পনিক বানোয়াট অভিযোগ দিয়ে মরিয়া হয়ে প্রভাব প্রতিপত্তি খাটিয়ে জোর তদবির করাচ্ছে। কাল্পনিক তথ্য দেয়ার দরকার কি ? যাচাই করা অত্যন্ত সহজ। যাচাই করে তথ্য দিলেইতো পারে।

বিজনেস পার্ক মকিমউদ্দিন শপিং সেন্টার করতে গিয়ে, কতো টাকা আয়-ব্যয় তা বের করা অত্যন্ত সহজ। ওয়াক্ফ অফিসেও যেতে হয় না। উক্ত ভবনে যতজন ব্যবসায়ী আছেন, তাদের পজেশান ভাড়ার টাকার চুক্তিপত্রে উল্লেখিত সালামির টাকা যোগ করলে, টাকার মোট পরিমান পাওয়া যাবে। দেশের সেরা ইঞ্জিনিয়ার দিয়ে নির্মাণাধীন ভবনটি নির্মাণ করতে কতো টাকা সে সময় ব্যয় হয়েছে, তা বের করা সম্ভব এবং সহজ। ভবনটি নির্মাণ করতে গিয়ে কতো কোটি টাকা ধার-দেনা, ঋণ-কর্য করতে হয়েছে ? তাও বেরিয়ে আসবে। হিসাব স্পষ্ট হয়ে উঠবে। তাহলে কাল্পনিক, বানোয়াট অভিযোগে বিপর্যস্ত করে জনমনে বানোয়াট তথ্য ছড়ানোর দরকার কি ? মোতওয়াল্লীর বদনাম হলে বড় মসজিদের বদনাম হয়। হাজীগঞ্জ এর থেকে বাদ যায় না। আর হাজীগঞ্জের বদনাম হলে হাজীগঞ্জবাসী বাদ যায় না। এ কথা বুঝতে হবে। প্রভাব প্রতিপত্তি দাপটে বে-আইনী ভাবে চাপিয়ে দেওয়া জুলুম আমরা সহ্য করলেও,আল্লাহ সহ্য করবেন না।

আগেও ঋণ গ্রহণ করেই এস্টেটের অন্য ভবন নির্মাণ করেছি। ঋণ পর্যায়ক্রমে পরিশোধিত হয়েছে। কিন্তু কোভিড-১৯ এবং অর্থনৈতিক মন্দার পর থেকে নির্মানাধীণ ভবনের কিস্তির টাকা, ঠিক মতো পরিশোধ না করতে পারায় এস্টেটের ঋণের বোঝা বেড়ে যায়। বিষয়টি এমন যে ঋণ নেয়া হলো ৮ কোটি টাকা। এস্টেট শোধ করলো ৩ কোটি। ব্যাংক এখনো আরো ৯ কোটি টাকা পাবে। অবাক হওয়ার মতোই। এমতাবস্থায় ঋণের কিস্তির অস্বাভাবিক উর্ধ্বগতির কারণে উপায়ান্তর না দেখে আমি সাবেক মোতাওয়াল্লী আলমগীর কবির পাটওয়ারী আমার ব্যক্তিগত জমি বিক্রয় করে ৯ কোটি টাকা ঋণের মধ্যে ওয়াক্ফ এস্টেটের পক্ষে ৫ (পাঁচ) কোটি টাকা ব্যাংক ঋণ বাবদ পরিশোধ করি। আমি সাবেক মোতওয়াল্লীর বর্তমান বসত বাড়িটিও ওয়াক্ফ এস্টেটের নির্মাণাধীন বিজনেস পার্ক মকিমউদ্দিন শপিং সেন্টারের নির্মাণ কাজের বাকী ৪ কোটি টাকা ঋণ বাবদ ইসলামী ব্যাংকে এখনও মর্টগেজ আছে!!!

ওয়াক্বীফ ব্যতীত এস্টেটের স্থায়ী আয় বৃদ্ধির স্বার্থে, মোতওয়াল্লী কর্তৃক নিজের ব্যক্তিগত সম্পদ-সম্পত্তি বিক্রয় করে, ওয়াক্ফ এস্টেটের উন্নয়ন কাজে ব্যাংক ঋণের সিংহভাগ পরিশোধ করার নজির, সারা বাংলাদেশে ২য় টি খুঁজে পাওয়া যাবে না। আমরা পর্যায়ক্রমিক মোতওয়াল্লীগণের পরিশ্রম, সাধনা, দূরদর্শীতা এবং আত্মত্যাগে অত্র ওয়াক্ফ এস্টেট বৃহত্তর অঞ্চলের ব্র্যান্ড হয়ে দাঁড়িয়েছে। চার জন মোতওয়াল্লীর আত্মত্যাগে চাঁদপুরের "